

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৩০

৩৪/ ওয়ালা এবং হেবা (ﷺ)

পরিচ্ছেদঃ প্রকৃত আযাদকারী ছাড়া অন্য কারো প্রতি ওয়ালার সম্পর্ক প্রদর্শন করা বা পিতা ছাড়া অন্য কারো প্রতি পিতৃত্বের দাবী করা।

باب ما جاء فيمن تولى غير مواليه أو ادعى إلى غير أبيه

আরবী

قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ عَلِيٍّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

২১৩০. হান্নাদ (রহঃ) ইবরাহীম তায়মী তার পিতা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ আলী রাদিয়াল্লাহু আনহু আমাদের ভাষণ দিয়েছিলেন। তিনি বলেনঃ আল্লাহর কিতাব এবং উটের বয়স বিবরণী ও জখম সম্পর্কিত বিভিন্ন আহকাম সম্বলিত এই পুস্তিকাটি ছাড়া আরো কিছু আমার কাছে আছে যা আমি পাঠ করি এমন কথা যদি কেউ বলে তবে সে অবশ্যই মিথ্যা বলছে।



তিনি আরো বলেনঃ এতে (পুস্তিকাটিতে) আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আয়র ও ছায়রের মধ্যবর্তী স্থানটুকু মদীনার হারাম হিসাবে গণ্য। এখানে যে ব্যক্তি কোন বিদায়াত কর্ম সংঘটিত করবে বা কোন বিদআতীকে আশ্রয় দিবে তার উপর আল্লাহ, ফিরিশতা ও সকল মানুষের লা'নত। আল্লাহ তা'আলা কিয়ামতের দিন তার ফরয ও নফল কোন ইবাদতই কবুল করবেন না। কেউ যদি পিতা ছাড়া অন্য কারো দিকে কারো প্রতি পিতৃত্বের দাবী করে বা স্বীয় মাওলা ছাড়া অন্য কারো প্রতি ওয়ালার সম্পর্ক আরোপ করে তার উপর আল্লাহ, ফিরিশতা ও সকল মানুষের লা'নত। তার ফরয বা নফল কোন ইবাদতই কবুল করা হবে না। মুসলিমদের যিম্মা প্রদান এক বরাবর। সবচেয়ে নিকৃষ্ট জনের প্রদন্ত যিম্মা রক্ষায়ও প্রয়াস চালানো হবে। সহীহ, ইরওয়া ১০৫৮, নকদুল কাত্তানী ৪২, সহীহ আবু দাউদ ১৭৭৩-১৭৭৪, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১২৭ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। কতক রাবী এটিকে আ'মাশ-ইবরাহীম তায়মী-হারিছ ইবন সুয়ায়াদ- আলী রাদিয়াল্লাহু আনহ থেকে অনুরূপ বর্ণনা করেছেন। আলী রাদিয়াল্লাহু আনহ থেকে একাধিক সূত্রে হাদীসটি বর্ণিত আছে।

English

Ibrahim At-Taimi narrated from his father:

"'Ali delivered a Khutbah for us in which he said: 'Whoever claims that we have some book to read other than Allah's Book and this paper, which include camel's ages and things related to (relatiation for) wounds, then he has lied." And he said in it: "Al-Madinah is sacred, what is between 'Air to Thawr, so whoever introduces in it any innovation or shelters an innovator then upon him is the curse of Allah, the angels, and all people. On the Day of Judgment, Allah will not accept his compulsory nor optional good deeds. And whoever claims someone else to be his father, or claims Wala' for someone other than his Mawali, then upon him is the curse of Allah, the angels, and the people; his compulsory and optional good deeds shall not be accepted. The covenants of the Muslims are one, it covers the rest of them.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih. Some of them reported it similarly from Al-A'mash, from Ibrahim At-Taimi, from Al-Harith bin Suwaid from 'Ali.

[Abu 'Eisa said:] It has been reported through more than one route from 'Ali [from the Prophet (ﷺ)].

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 37485$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন